দৈনিক বাংলা

তারিখ ... ১০ JAN. 1997 ..
পৃঃ ৬ কলাম ৪

# ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ রক্ষায় পদক্ষেপ নেয়া হবে ঃ প্রধানমন্ত্রী

রাজশাহী, ৯ জানুয়ারী (বাসস)।– প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকার রাজশাহী ও ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে।

সিন্ডিকেট সদস্য, রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোহাম্মদ ইউনুস এবং নব-নির্বাচিত রুটা সভাপতি ও সাধারণ সম্পাদক অধ্যাপক এম শহীদুল ইসলাম ও অধ্যাপক আব্বাস আলীসহ একদল শিক্ষক বৃহস্পতিবার স্থানীয় সার্কিট হাউজে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে শেখ হাসিনা একথা বলেন।

শেখ হাসিনা বলেন, ক্যাম্পাসসমূহে ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনার উদ্দেশ্যে শিক্ষক ও অন্যান্যের জীবনের নিরাপত্তার ব্যবস্থা নেয়া হবে।

প্রধানমন্ত্রী বলেন, সরকার কোন শিক্ষা প্রতিষ্ঠানকে দলীয় দৃষ্টিকোণ থেকে দেখবে না।

পরে রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ জানান, "প্রধানমন্ত্রীর বক্তব্যে আমরা খুশী। বৃহত্তর জাতীয় স্বার্থে ক্যাম্পাসে সুস্থ পরিবেশে আমরা কাজ করতে চাই।"